বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।
ফোন নংঃ০২-৯৫৫৪০২৫, ইমেইল-dgmbcbd@krishibank.org.bd


মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

নং-প্রকা/শানিব্যউবি-১(১০২)এমসি-১৬/২০২০-২০২১/৩৫৩ তারিখঃ ২৬-০৮-২০২০ ইং

বিষয়ঃ আমানত সংগ্রহ,ঋণ বিতরণ,ঋণ আদায়,নতুন চলতি/সঞ্চয়ী হিসাব খোলা,ঋণগ্রহীতার সংখ্যা বৃদ্ধি ও মুনাফা অর্জনসহ অঞ্চল/শাখাসমূহের সকল ব্যবসায়িক কার্যক্রমসহ কোভিড-১৯ বিরাজমান পরিস্থিতিতে সরকার কর্তৃক ঘোষিত বিভিন্ন ঋণ প্রণোদনা প্যাকেজেসমূহের বাস্তবায়ন নিয়মিত মনিটরিং প্রসংগে।

আমানত সংগ্রহ, ঋণ বিতরণ, ঋণ আদায়, নতুন চলতি/সঞ্চয়ী হিসাব খোলা, ঋণগ্রহীতার সংখ্যা বৃদ্ধি ও মুনাফা অর্জনসহ অঞ্চল/শাখাসমূহের সকল ব্যবসায়িক কার্যক্রম এবং লোকসান বহনকারী শাখাসমূহের কার্যক্রম নিয়মিত মনিটরিং করার উদ্দেশ্যে প্রধান কার্যালয়ে কর্মরত উপ-মহাব্যবস্থাপক ও সহকারী মহাব্যবস্থাপকদেরকে প্রমোটার হিসেবে দায়িত্ব পালনের জন্য এবং বিভাগীয় পর্যায়ে সার্বিক কার্যক্রম অর্থাৎ শাখা ও অঞ্চলসমূহের কর্মকান্ড এবং প্রমোটরগণের কার্যক্রম পর্যালোচনা ও তদারকি করার নিমিত্ত ব্যাংকের উর্ধতন নির্বাহীগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত বিভাগ, কার্যালয় ও অঞ্চলসমূহ বন্টন করে দেয়া হলো। উল্লেখ্য, দায়িত্বপ্রাপ্ত প্রমোটারগণের প্রধান কার্যালয়ের বাহিরে বদলি, অবসর বা অন্য যেকোন কারনে সংশ্লিষ্ট নির্বাহী/প্রমোটারগণের স্থলাভিষিক্ত কর্মকর্তাই বদলিকৃত/অবসরপ্রাপ্ত নির্বাহী/প্রমোটারের দায়িত্ব পালন করবেন।

০২। (ক) উপ-ব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপকদের জন্য বন্টনকৃত বিভাগ/কার্যালয় সমূহঃ

| ক্রঃ নং | উর্ধতন নির্বাহীদের নাম | পদবী | দায়িত্বপ্রাপ্ত বিভাগ ও কার্যালয় |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ আফজাল করিম | উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ | ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগ। |
| ০২ | জনাব শিরীন আখতার | উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ | কুমিল্লা, ফরিদপুর, কুষ্টিয়া বিভাগ ও এলপিও। |
| ০৩ | জনাব মোঃ কাইসুল হক | উপ-ব্যবস্থাপনা পরিচালক-৩ | চট্টগ্রাম, সিলেট ও ময়মনসিংহ বিভাগ। |
| ০৪ | জনাব মোঃ আজিজুল বারী | মহাব্যবস্থাপক<br>প্রশাসন মহাবিভাগ | ময়মনসিংহ, বরিশাল, খুলনা, কুষ্টিয়া ও ঢাকা বিভাগ । |
| ০৫ | জনাব পারভীন আকতার | মহাব্যবস্থাপক<br>আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ | চট্টগ্রাম, কুমিল্লা ,ফরিদপুর ও সিলেট বিভাগ । |

০২। (খ) উপমহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপকগণের জন্য বন্টনকৃত অঞ্চলসমূহঃ

| ক্রঃ নং | প্রমোটারগণের নাম | পদবী | কর্মস্থল | দায়িত্বপ্রাপ্ত অঞ্চল/কর্পোরেট শাখা |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ মামুনুর রশিদ | উপ-মহাব্যবস্থাপক | আইসিটি অপারেশন বিভাগ | কক্সবাজার, পটিয়া ও রাংগামাটি অঞ্চল। |
| ০২ | জনাব রাজ্জাকুল হায়দার চৌধুরী | উপ-মহাব্যবস্থাপক | ঋণ আদায় বিভাগ | চাঁদপুর, লক্ষীপুর ও নোয়াখালী অঞ্চল। |
| ০৩ | জনাব মাহমুদা বেগম | উপ-মহাব্যবস্থাপক | ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ | লাকসাম অঞ্চল। |
| ০৪ | জনাব মোঃ আবু ছাদেক মিয়া | উপ-মহাব্যবস্থাপক | এইচআরএমডি-২ বিভাগ | মৌলভী বাজার ও সুনামগঞ্জ অঞ্চল। |
| ০৫ | জনাব গোলাম মোঃ আরিফ | সহঃ মহাব্যবস্থাপক<br>(বিভাগীয় দায়িত্বে) | ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ | মুন্সীগঞ্জ অঞ্চল ও গাজীপুর অঞ্চল। |
| ০৬ | জনাব কাজী নজরে মইন | সহঃ মহাব্যবস্থাপক<br>(বিভাগীয় দায়িত্বে) | পর্ষদ সচিবালয় বিভাগ | মানিকগঞ্জ ও নারায়নগঞ্জ অঞ্চল। |
| ০৭ | জনাব মোঃ খোরশেদ আনোয়ার | সহঃ মহাব্যবস্থাপক<br>(বিভাগীয় দায়িত্বে) | ভিজিলেন্স স্কোয়াড বিভাগ | ফেনী ও কুমিল্লা অঞ্চল। |
| ০৮ | জনাব মোঃ আনোয়ারুল আজিম চৌধুরী | সহঃ মহাব্যবস্থাপক<br>(বিভাগীয় দায়িত্বে) | এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ | ময়মনসিংহ (দঃ) অঞ্চল ও জামালপুর অঞ্চল |
| ০৯ | জনাব মোহাম্মদ মঈনুল ইসলাম | সহঃ মহাব্যবস্থাপক<br>(বিভাগীয় দায়িত্বে) | ক্রেডিট বিভাগ | ঢাকা অঞ্চল, কাওরান বাজার ও বনানী কর্পোরেট শাখা। |
| ১০ | জনাব মোঃ আমিরুল ইসলাম | সহঃ মহাব্যবস্থাপক | কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ | ঝালকাঠি ও পটুয়াখালী অঞ্চল। |
| ১১ | জনাব লাভলী ইয়াসমিন | সহঃ মহাব্যবস্থাপক<br>(বিভাগীয় দায়িত্বে) | গবেষনা ও পরিসংখ্যান বিভাগ | শরীয়তপুর অঞ্চল। |
| ১২ | জনাব জিনাত সাফিন ওয়াদুদ | সহঃ মহাব্যবস্থাপক<br>(বিভাগীয় দায়িত্বে) | বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগ | নরসিংদি অঞ্চল। |
| ১৩ | জনাব মোঃ আকতার হোসেন | সহঃ মহাব্যবস্থাপক<br>(বিভাগীয় দায়িত্বে) | ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ | সিলেট কর্পোরেট, সিলেট ও হবিগঞ্জ অঞ্চল। |

চলমান পাতা-০২

| ক্রঃ নং | প্রমোটারগণের নাম | পদবী | কর্মস্থল | দায়িত্বপ্রাপ্ত অঞ্চল/কর্পোরেট শাখা |
|---|---|---|---|---|
| ১৪ | জনাব মোঃ আবদুর রউফ | সহঃ মহাব্যবস্থাপক | এইচআরএমডি-২ | চুয়াডাংগা ও মাগুরা অঞ্চল। |
| ১৫ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | সহঃ মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে) | আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ | টাঙ্গাইল (দঃ), টাঙ্গাইল (উঃ) অঞ্চল ও নারায়নগঞ্জ কর্পোরেট শাখা। |
| ১৬ | জনাব মুহাম্মদ তাইবুর রহমান | সহঃ মহাব্যবস্থাপক | শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ | বাগেরহাট, সাতক্ষীরা ও যশোর অঞ্চল। |
| ১৭ | জনাব মোহাঃ গোলাম মাহবুব | সহঃ মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে) | আইন বিভাগ | কুষ্টিয়া, ঝিনাইদহ ও মেহেরপুর অঞ্চল। |
| ১৮ | জনাব মোঃ আহাদ খান | সহঃ মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে) | পরিধারণ বিভাগ | চট্টগ্রাম কর্পোরেট, আগ্রাবাদ কর্পোরেট, চট্টগ্রাম (পশ্চিম) ও চট্টগ্রাম (পূর্ব) অঞ্চল |
| ১৯ | জনাব খান তামজিদ আহমেদ | সহঃ মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে) | কেন্দ্রীয় হিসাব বিভাগ | বরিশাল ও ভোলা অঞ্চল। |
| ২০ | জনাব মুহম্মদ সাজ্জাদ হোসেন | সহঃ মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে) | ঋণ শ্রেনি বিন্যাস বিভাগ | ফরিদপুর ও মাদারীপুর অঞ্চল। |
| ২১ | জনাব এ.এইচ.এম. মাহবুবুল বাসেত ভূঞা | সহঃ মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে) | পরিপালন বিভাগ | কিশোরগঞ্জ, বি-বাড়িয়া ও বান্দরবান অঞ্চল। |
| ২২ | জনাব মোঃ ফরিদ হাসান | সিনিয়র সিস্টেম এ্যাঃ (বিভাগীয় দায়িত্বে) | আইসিটি অপারেশন বিভাগ | বরগুনা ও পিরোজপুর অঞ্চল। |
| ২৩ | জনাব কে এম নুরুদ্দীন সারোয়ার | সিনিয়র সিস্টেম এ্যাঃ | আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ | নেত্রকোনা ও খাগড়াছড়ি অঞ্চল। |
| ২৪ | জনাব মোঃ দুলাল মিয়া | সহঃ মহাব্যবস্থাপক | নিরীক্ষা বিভাগ | খুলনা কর্পোঃ শাখা, নড়াইল ও খুলনা অঞ্চল। |
| ২৫ | জনাব মোঃ এনামুল হক | সহঃ মহাব্যবস্থাপক | এইচআরএমডি-১ বিভাগ | ময়মনসিংহ (উঃ) ও শেরপুর অঞ্চল। |
| ২৬ | জনাব মোঃ নাজমুল করিম চৌধুরী | সহঃ মহাব্যবস্থাপক | ক্রেডিট বিভাগ | রাজবাড়ী ও গোপালগঞ্জ অঞ্চল। |

০৩। প্রমোটারদের জন্য কার্যপরিধি (TOR)ঃ

(০১) প্রধান কার্যালয় হতে বিভিন্ন সময়ে জারীকৃত পত্র/পরিপত্রের নির্দেশনা মোতাবেক স্বচ্ছতা ও দ্রুততার সাথে পর্যাপ্ত ঋণ বিতরণের ব্যবস্থা নিশ্চিত করবেন। সে লক্ষ্যে অঞ্চলাধীন শাখাসমূহের core sector (শস্য, মৎস্য ও প্রাণীসম্পদ) সহ এসএমই ঋণ বিতরণের সাপ্তাহিক লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক দৈনিক ভিত্তিতে দায়িত্বপ্রাপ্ত অঞ্চলের ৫০% শাখার কার্যক্রম নিয়মিত সরাসরি/টেলিফোনের মাধ্যমে মনিটরিং করবেন;

(০২) কোভিড-১৯ বিরাজমান পরিস্থিতিতে সরকার ঘোষিত বিভিন্ন ঋণ প্রণোদনা প্যাকেজের আওতায় বন্টনকৃত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন মনিটরিং করবেন;

(০৩) প্রধান কার্যালয় হতে প্রদত্ত নির্দেশনানুযায়ী WCL-1, WCL-2, NCL ও CL ঋণ আদায় হচ্ছে কিনা তার সাপ্তাহিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দৈনিক ভিত্তিতে নির্ধারিত ছক (সংযুক্তি-১) মোতাবেক দায়িত্বপ্রাপ্ত অঞ্চলের প্রতিটি শাখার তথ্য সংগ্রহপূর্বক সর্বনিম্ন ৫০% শাখা ব্যবস্থাপকের সাথে নিয়মিত টেলিফোনের মাধ্যমে পারফরমেন্স বৃদ্ধির জন্য পরামর্শ প্রদান করবেন এবং তার তথ্য সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক বরাবর উপস্থাপন করবেন;

***(০৪) অঞ্চল ভিত্তিক যে সকল শাখার শ্রেনীকৃত ঋণের পরিমাণ মোট ঋণ স্থিতির ৫০% এর অধিক অথবা পরিমাণে ২০.০০ কোটি টাকা বা তার অধিক সে সকল অঞ্চলের দায়িত্বপ্রাপ্ত প্রমোটরগণ ঐ সকল শাখার শ্রেনীকৃত ঋণ আদায়/হ্রাস করার জন্য বিশেষ তদারকি করবেন। (তালিকা সংযুক্তি-০১)***

(০৫) নতুন ৫,০০,০০০টি সঞ্চয়ী ও চলতি হিসাব এবং ২,০০,০০০টি নতুন প্রবর্তিত আমানত স্কীম হিসাব খোলার লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করার জন্য শাখাসমূহে দৈনিক আমানত হিসাব খোলার বিষয় নিয়মিত তদারক করতে হবে। ব্যাংকের আর্থিক ভিত্তি সুদৃঢ়করণ ও ভবিষ্যতে ব্যাংকটিকে একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে Deposit Mix অনুযায়ী আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রাসহ সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করণ ও ব্যাংকের কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করতে হবে;

(০৬) ঋণ গ্রহীতার সংখ্যা ৩,৮০,০০০টি বৃদ্ধি এবং সর্বমোট ঋণ গ্রহীতার সংখ্যা ৩৪,৫০,০০০টি লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের লক্ষ্যে দৈনিক ভিত্তিতে নতুন ঋণ বিতরণের বিষয়টি নিয়মিত তদারক করতে হবে।

(০৭) আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও ঋণ আদায়সহ ২০২০-২০২১ অর্থবছরের সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করার জন্য পরিকল্পিতভাবে কাজ করার জন্য শাখার নিজস্ব কর্ম পরিকল্পনা মোতাবেক সঠিকভাবে কাজ হচ্ছে কিনা তা তদারক করতে হবে এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।

(০৮) প্রতিটি শাখা কর্তৃক যাতে নিয়মিতভাবে ঋণ আদায় ক্যাম্প স্থাপনের মাধ্যমে পর্যাপ্ত ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম গ্রহন করা হয় তা নিশ্চিত করণ, প্রয়োজনে ঋণ আদায় ক্যাম্পে উপস্থিত থেকে ক্যাম্পের সফলতা নিশ্চিত করণ; কৃষকদের প্রকৃত চাহিদা ও প্রাপ্যতা অনুযায়ী ঋণ বিতরণ করা হচ্ছে কিনা তা নিশ্চিত করবেন;

(০৯) ঋণ আদায় ও বিতরণ পর্যালোচনা করে কম ঋণ বিতরণকারী শাখায় অগ্রাধিকার ভিত্তিতে পর্যাপ্ত ঋণ বিতরণের ব্যবস্থা করবেন যাতে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়। ঋণ বিতরনকালে কৃষকগণ যাতে ঋণ পেতে বিলম্ব বা হয়রানির শিকার না হয় সে বিষয়টিও নিশ্চিত করতে হবে।

চলমান পাতা-০৩

(১০) ৩,৫০০.০০ কোটি টাকা ফরেন রেমিটেন্স সংগ্রহের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনা অনুসরণ করে শাখার রেমিটেন্স প্রদান কার্যক্রম তদারক করতে হবে।

(১১) ৪% রেয়াতি সুদ হারে আমদানি বিকল্প শস্য খাতে কৃষি ঋণ বিতরণসহ বিশেষখাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করার লক্ষ্যে এখণ থেকেই পর্যাপ্ত ঋণ বিতরণ হচ্ছে কিনা তা তদারক করতে হবে।

(১২) ৫২-ডেফার্ড ক্রেডিট খাতে রক্ষিত স্থগিত সুদ আদায়ের উপর জোর দিয়ে অধিক পরিমান ৫২-ডেফার্ড ক্রেডিট আদায়। উল্লেখযোগ্য হারে পুনঃতফসিলকৃত ঋণ পুনঃতফসিল সিডিউল মোতাবেক আদায়ের ব্যবস্থা নিশ্চিত করতে হবে;

(১৩) অর্থঋণ আদালতে দায়েরযোগ্য ঋণসমূহের ক্ষেত্রে ১২ ধারা মোতাবেক নোটিশ ইস্যু নিশ্চিত করতে হবে, প্রয়োজনে মামলা দায়ের এবং অর্থঋণ ও অন্যান্য আদালতে বিচারাধীন মামলাসমুহ যথাযথভাবে নিষ্পত্তির জন্য কার্যকর উদ্যোগ গ্রহন নিশ্চিতকরণ;

(১৪) প্রতিদিন নতুন চলতি/সঞ্চয়ী হিসাব খোলা, নতুন প্রবর্তিত আমানত স্কীম হিসাব খোলা, ঋণগ্রহীতার সংখ্যা বৃদ্ধির লক্ষ্যমাত্রার অর্জন সাপ্তাহিক ভিত্তিতে পর্যালোচনা করে পিছিয়ে থাকা শাখাসমূহকে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের মাধ্যমে শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।

(১৫) ২০২০-২০২১ অর্থবছরের সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত কর্মসূচী বাস্তবায়নে শাখার কোন কর্মকর্তা/কর্মচারীর যে কোন শিথিলতা পরিলক্ষিত হলে তাৎক্ষনিকভাবে সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের সাথে আলোচনাপূর্বক তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করতে হবে।

(১৬) বিশেষ করে লোকসানী শাখাকে লাভজনক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে প্রত্যেক অঞ্চলের লোকসানী শাখা সমুহের যাবতীয় কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে এবং শাখাকে লাভজনক শাখায় উন্নীত করণ নিশ্চিত করতে হবে।

(১৭) ব্যাংকের কাজে গতিশীলতা আনয়নের মাধ্যমে বর্তমান অবস্থা থেকে উত্তরনের জন্য সর্বোপরি ব্যাংককে একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিনত করার জন্য কর্তৃপক্ষের নির্দেশ/অনুমোদনক্রমে প্রমোটরগণ তাদের নির্ধারিত অঞ্চলাধীন শাখাসমুহ ভ্রমণ করে যথোপযুগি পদক্ষেপ গ্রহন করবেন;

(১৮) মাঠে ভ্রমণকালে শাখা ব্যবস্থাপকদের নিয়ে পর্যালোচনা সভা করে প্রত্যেক শাখার কার্যক্রম মুল্যায়নের লক্ষ্যে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন, অবশিষ্ট সময়ের মধ্যে বার্ষিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের বাস্তবমুখি দিকনির্দেশনা প্রদান এবং শীর্ষ ২০/৫০ খেলাপি ঋণ গ্রহীতাদের সাথে দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে খেলাপি ঋণ আদায় নিশ্চিতকরণ। পর্যালোচনা সভা ও দ্বিপাক্ষিক আলোচনা সভার কার্যবিবরণী কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে এবং সভার প্রতিশ্রুতি মোতাবেক কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা, ঋণ আদায় হচ্ছে কিনা তা তদারকিকরণ;

০৪। উল্লেখ্য, ২(ক) তে বর্নিত নির্বাহীগণ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নিকট এবং ২(খ) তে বর্নিত প্রমোটারগণ নিজ নিজ বিভাগের দায়িত্বপ্রাপ্ত নির্বাহীদের নিকট সংশ্লিষ্ট বিভাগ/অঞ্চলের আমানত সংগ্রহ, ঋণ বিতরণ, ঋণ আদায় ও মুনাফা অর্জনসহ সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনের প্রতিবেদন সাপ্তাহিক ভিত্তিতে সংযুক্তি-ক মোতাবেক দাখিল করবেন এবং প্রতিবেদনের কপি শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে (dgmbcbd@krishibank.org.bd) ই-মেইল যোগে প্রেরণ করবেন।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২৭/০৮/২০২০

সংশ্লিষ্ট নির্বাহীবৃন্দ

(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
ফোনঃ ০২-৯৫১৩৪৮০

নং-প্রকা/শানিব্যউবি-১(১০২)এমসি-১৬/২০২০-২০২১/৩৫৩

তারিখ ঃ ২৬-০৮-২০২০ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গনের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মিরপুর, ঢাকা।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি/মহানথি।

26/08/2020
(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

C:\Users\BKB\Dropbox\Shariar\BCBD\Operation\Promoter's\promoters list.docx

সংযুক্তিঃ ০১

বিষয়ঃ যে সকল শাখার শ্রেণীকৃত ঋণের পরিমাণ মোট ঋণ স্থিতির ৫০% বা এর অধিক অথবা পরিমাণে ২০.০০ কোটি টাকা বা তার অধিক (মোট ১২টি শাখা)।

| ক্রঃ নং | শাখার কোড | শাখার নাম | ৩০.০৬.২০১৯ তারিখে বকেয়া স্থিতির পরিমাণ (লক্ষ টাকায়) | ৩০.০৬.২০১৯ তারিখে বিরূপমানে শ্রেণীকৃত ঋণের পরিমাণ (লক্ষ টাকায়) | শতকরা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | ৪১০১ | কাওরান বাজার কর্পোঃ | ৪১১৩০.৩২ | ৪১০১৩.০০ | ৯৯.৭১% |
| ২ | ৪১১৬ | বনানী কর্পোরেট | ১৪৪৪৬.৩৪ | ১৩৩১২.০৮ | ৯২.১৫% |
| ৩ | ২৯৩১ | ষোলশহর | ৩৩৪৭৭.৮৫ | ২৭৩৭৭.৬১ | ৮১.৭৮% |
| ৪ | ২৫০১ | চাঁদপুর | ১৭৭৩.৫৯ | ১০৫৭.৪২ | ৫৯.৬২% |
| ৫ | ৩৩০৮ | আলমশাহ পাড়া মাদ্রাসা | ৭৭৬.৮৮ | ৪৫৩.৭০ | ৫৮.৪০% |
| ৬ | ২৮১২ | কাদের পন্ডিতের হাট | ২৩১২.৮২ | ১৩১৯.৫৯ | ৫৭.০৬% |
| ৭ | ৪১২১ | স্টাফ কলেজ | ১৩৫১.১৯ | ৭২৯.৬৭ | ৫৪.০০% |
| ৮ | ৩১১২ | টেকনাফ | ১৭৬৩.২৪ | ৯৪৩.১০ | ৫৩.৪৯% |
| ৯ | ১৩০১ | খুলনা কর্পোরেট | ১৪৬৯০.৪৯ | ৭৫০২.৭৮ | ৫১.০৭% |
| ১০ | ৪১০৮ | কেরানীগঞ্জ | ৫৯৯১.১৬ | ৩০৫৬.০৬ | ৫১.০১% |
| ১১ | ৪১০৭ | জুরাইন | ১০৪৮.৮৬ | ৫২০.৬৯ | ৪৯.৬৪% |
| ১২ | ১৩০৬ | ফুলতলা | ৫৮৩৭.৮৪ | ২৭৪৩.০১ | ৪৬.৯৯% |

বিঃদ্রঃ উপরে উল্লেখিত শাখাসমূহের অঞ্চলের দায়িত্ব প্রাপ্ত প্রমোটারগণ তার সংশ্লিষ্ট শাখাসমূহের নিবিড় তদারকির মাধ্যমে শাখার শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।